



বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড  
(পেট্রোবাংলার একটি কোম্পানি)  
BAKHRABAD GAS DISTRIBUTION COMPANY LIMITED  
(A Company of Petrobangla)

অনলাইনে গ্যাসবিল পরিশোধে গ্রাহক রেজিস্ট্রেশন সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (বিজিডিসিএল) এর সকল শ্রেণির গ্রাহকের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গ্যাস বিল প্রদান পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে কোম্পানিতে অনলাইনে গ্যাসবিল পরিশোধের সিস্টেম চালু করা হয়েছে। অনলাইনে গ্যাসবিল পরিশোধের লক্ষ্যে এবং বিল পরিশোধের বিভিন্ন তথ্যাদি মোবাইল/ইমেইলে প্রেরণের জন্য গ্রাহক রেজিস্ট্রেশন কার্যক্রম আগামী ২২/০৭/২০১৯ তারিখ হতে শুরু হবে। উল্লেখ্য, শুধুমাত্র রেজিস্ট্রেশনকৃত গ্রাহকগণ অনলাইনে বিল পরিশোধ করতে পারবেন।

বিজিডিসিএল এর কুমিল্লা অঞ্চলের (কুমিল্লা সিটি কর্পোরেশন, আদর্শ সদর উপজেলা, সদর দক্ষিণ উপজেলা, বুড়িচং উপজেলা, কসবা উপজেলা, চৌদ্দগ্রাম উপজেলা ও চান্দিনা উপজেলা) সকল শ্রেণির গ্রাহককে রেজিস্ট্রেশনের জন্য সর্বশেষ বিল পরিশোধের কপি/ বিল বইসহ বিক্রয় বিভাগ, কুমিল্লা/রাজস্ব শাখা, কুমিল্লায় যোগাযোগের জন্য অনুরোধ করা যাচ্ছে।

সকল শ্রেণির গ্রাহককে আগামী ৩১/১০/২০১৯ তারিখের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। রেজিস্ট্রেশন ফর্ম ডাউনলোড এবং বিস্তারিত তথ্যের জন্য কোম্পানির ওয়েবসাইট ([www.bgdcl.org.bd](http://www.bgdcl.org.bd)) ভিজিট করুন অথবা ১৬৫২৩ নম্বরে ফোন করুন।

আদেশক্রমে  
কর্তৃপক্ষ